

## **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৬১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. প্রথম অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

بَابُ السُّنَنِ وَقَضَائِلِهَا

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يُصَلِّي بَعْدَ الْجُمُعَةِ حَتَّى يَنْصَرِفَ فَيُصلِّي رَكْعَتَيْنِ فِي بَيته

বাংলা

১১৬১-[৩] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) থেকে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু'আর সালাতের পর কামরায় পৌঁছার পূর্বে কোন সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন না। কামরায় পৌঁছার পর তিনি দু' রাক্'আত সালাত আদায় করতেন। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৯৩৭, মুসলিম ৮৮২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (رَكْعَتَيْنِ فِي بَيته) "দুই রাক্'আত স্বীয় বাড়ীতে" এ থেকে উদ্দেশ্য জুমু'আর পরের সুন্নাত সালাত (সালাত/নামায/নামাজ)। এতে প্রমাণ পাওয়া যায়, জুমু'আর পরের সুন্নাত দুই রাক্'আত। জুমু'আর পরে সুন্নাত দুই রাক্'আতের প্রবক্তাগণ এ হাদীসটিই দলীলরূপে গ্রহণ করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন